

তারিখ ... 21 MAR. 2015 ...  
পৃষ্ঠা ... ৯ ...

দৈনিক  
**ইত্তেফাক**

**বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে  
প্রতিষ্ঠানপ্রধানদের নিয়োগ**

পত্রিকাটির ফরফত জানতে পারলাম যে, বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে শিক্ষক নিয়োগ করবেন 'বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ'। উদ্যোগটি গ্রহণের জন্য প্রথমেই সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে সাধুবাদ জানাচ্ছি। তবে ওখানে প্রশাসনিক পদগুলো যেমন প্রধানশিক্ষক, সহপ্রধানশিক্ষক এবং অধ্যক্ষ উপাধ্যক্ষ কীভাবে নিয়োগ হবে তার উল্লেখ নেই। আমার মতে, কলেজের অধ্যক্ষ উপাধ্যক্ষ নিয়োগের জন্য, জেলাওয়ারি কলেজগুলোর অধ্যক্ষ উপাধ্যক্ষের যোগ্যতাসম্পন্ন শিক্ষকদের প্রতিযোগিতামূলক / পরীক্ষা এবং একাডেমিক সার্টিফিকেটকে গুরুত্ব দেওয়া যেতে পারে। সেইসঙ্গে পিএইচডি ডিগ্রিধারী শিক্ষকদের অগ্রাধিকার দেওয়া উচিত। এতে মেধারী অধ্যক্ষ উপাধ্যক্ষ নিয়োগ পাবেন। ফলে শিক্ষাপ্রতিষ্ঠানিক পদগুলো কিছুটা হলেও দুর্নীতিমুক্ত হবে। ইতোপূর্বে শিক্ষাপ্রতিষ্ঠানগুলোকে দুর্নীতিমুক্ত করতে প্রশাসনিকগুলোর (অধ্যক্ষ, উপাধ্যক্ষ করণিক) বদলির জন্য নীতিগত সিদ্ধান্ত নেওয়া হয়েছিল। তাই শিক্ষাপ্রতিষ্ঠানগুলো দুর্নীতিমুক্ত ও মানসম্মত করতে প্রশাসনিক পদগুলোকে বদলির ব্যবস্থাও করা যোক।

ড. আশরাফ পিষ্ট, বিভাগীয় প্রধান, বাংলা  
মনজুর কাদের মহিলা ডিগ্রি কলেজ, বেড়া, পাবনা